কালের কর্ম

ইউল্যাব ফেয়ার কাপে জয় পেল ব্র্যাক ও স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি

কালের কণ্ঠ অনলাইন

২১ মার্চ, ২০১৯ ১৭:৫১। পড়া যাবে ৩ মিনিটে



১২ ইউল্যাব ফেয়ার প্লে কাপে (ইন্টার প্রাইভেট ইউনিভার্সিটি টি-টুয়েন্টি ক্রিকেট টুর্ণামেন্ট) প্রথম রাউল্ডের খেলায় বৃহস্পতিবার (২১ মার্চ) প্রথম ম্যাচে ব্র্যাক ইউনিভার্সিটি ২০ রানে হারায় উত্তরা ইউনিভার্সিটিকে ও স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি ১৫ রানে হারিয়েছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিকে।

দিনের প্রথম ম্যাচে টসে জিতে আগে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয় উত্তরা ইউনিভার্সিটি। ব্র্যাক ইউনিভার্সিটি ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১৪৪ রান সংগ্রহ করে। উত্তরা ইউনিভার্সিটি ১৯ ওভারেই সব উইকেট হারিয়ে ১২৪ রান সংগ্রহ করে। ফলে ২০ রানের জয় পায় ব্র্যাক ইউনিভার্সিটি। ব্র্যাক ইউনিভার্সিটির আবু সাঈদ সাদ ৪ ওভারে বোলিং করে মাত্র ১৪ রান দিয়ে ৪ টি উইকেট সংগ্রহ করে ম্যান অব দ্য ম্যাচ হয়।

দিনের আরেক ম্যাচে টসে জিতে প্রথমে ব্যাটিং করতে নামে স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ। তারা নির্ধারিত ওভারে ৩ উইকেটে ১৭০ রান সংগ্রহ করে। জবাবে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ২০ওভারে ৮ উইকেট হারিয়ে ১৫৫ রান সংগ্রহ করতে সক্ষম হয়। ফলে স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি ১৫ রানের ব্যবধানে জয় পায়। স্ট্যামফোর্ডের লিটন চন্দ্র (অপরাজিত) ১৬ বলে ৪৪ রান করে ম্যাচ সেরা হয়।

এ বছর প্রতিযোগিতাটিতে অংশগ্রহণ করছে ১০ টি বিশ্ববিদ্যালয়। অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়গুলো হচ্ছে- ব্র্যাক ইউনিভার্সিটি, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (আইইউবি), বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি (বি ইউ বি টি), ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউ আই ইউ), প্রাইম ইউনিভার্সিটি, স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, উত্তরা ইউনিভার্সিটি, ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ এবং টুর্নামেন্টের আয়োজক স্বাগতিক ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাব)। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে অনুষ্ঠিত একমাত্র ক্রিকেট প্রতিযোগিতা হিসেবে ইউল্যাব ফেয়ার প্লে কাপ ইতোমধ্যে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। এ টুর্নামেন্টে সব রকম কারিগরি সহায়তা দিচ্ছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

পুরো প্রতিযোগিতায় ২৪টি টি-টোয়েন্টি ম্যাচ অনুষ্ঠিত হবে। প্রথম রাউন্ডে ২০ ম্যাচের ফলাফলের ওপর ভিত্তি করে সেরা চারটি দল সেমিফাইনালে খেলবে। প্রথম রাউন্ড শেষে বিজয়ী চারটি দল ফাইনালে ওঠার জন্য ২৮ মার্চ, ২০১৯ থেকে সেমিফাইনালে পরস্পরের মুখোমুখি হবে। আর ১ এপ্রিল অনুষ্ঠিত হবে আসরের ফাইনাল।

পুরস্কার হিসেবে এ বছরের বিজয়ী দল পাবে ৫০ হাজার টাকা আর রানার্স আপ দল পাবে ৩০ হাজার টাকা।